তারিখ ... 11 JUL 2017
পৃঃ ... কলাম ...

কালের কণ্ঠ

# এবার জাতীয়করণ হচ্ছে ৭৩টি মাধ্যমিক বিদ্যালয়

শরীফুল আলম সুমন ▷

এবার জাতীয়করণের জন্য চূড়ান্ত হয়েছে ৭৩টি মাধ্যমিক বিদ্যালয়। এগুলোর মধ্যে মামলাসংক্রান্ত জটিলতার কারণে একটি স্কুলের জাতীয়করণপ্রক্রিয়া আপাতত স্থগিত থাকতে পারে। তবে এই ৭৩ স্কুলের জাতীয়করণের বিষয়েই প্রধানমন্ত্রীর সম্মতি রয়েছে। গতকাল সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব আবু আলী মো. সাজ্জাদ হোসেনের সই করা এক চিঠিতে ৭৩টি স্কুলের জাতীয়করণের বিরুদ্ধে আদালতে কোনো মামলা আছে কি না তা তিন কার্যদিবসের মধ্যে জানতে চাওয়া হয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) অধিদপ্তরের মহাপরিচালকের কাছে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা যায়, এই ৭৩ স্কুলের জাতীয়করণের সব প্রক্রিয়া শেষ হয়েছে। তবে যেসব

▶▶ পৃষ্ঠা ৮ ক. ১

## এবার জাতীয়করণ —

▶▶ শেষ পৃষ্ঠার পর

স্কুলের ব্যাপারে মামলাসংক্রান্ত জটিলতা রয়েছে সেসব স্কুল জাতীয়করণ স্থগিত রাখা হবে। জাতীয়করণের লক্ষ্যে গঠিত কমিটির বৈঠকে শিগগিরই মামলাসংক্রান্ত জটিলতা না থাকা স্কুলগুলোর জাতীয়করণ চূড়ান্ত অনুমোদন করা হবে। এরপর এই স্কুলগুলোর সম্পত্তি সরকারের নামে দানপত্র করার জন্য প্রজ্ঞাপন জারি করা হবে।

জানা যায়, একাদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে দ্রুত এই স্কুলগুলো জাতীয়করণ এবং শিক্ষকদের চাকরি আত্তীকরণের কাজ শেষ করতে চায় সরকার। স্বাভাবিকভাবে প্রতিষ্ঠান জাতীয়করণের পর শিক্ষকদের চাকরি সরকারি করতে দুই-তিন বছর সময় লাগলেও নির্বাচনের আগেই এই ৭৩ স্কুলের সব কাজ শেষ করার তাগিদ রয়েছে।

বর্তমানে দেশে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ৩৩৭। জাতীয়করণের চূড়ান্ত পর্যায়ে থাকা এই ৭৩টি বিদ্যালয় মিলে সংখ্যা হবে ৪১০। এ ছাড়া আরো ১৯৫টি বিদ্যালয় জাতীয়করণের বিষয়ে প্রধানমন্ত্রীর সম্মতির অপেক্ষায় রয়েছে। যদিও এই ১৯৫টি স্কুলের বিপরীতে ৫৮৫টির নাম প্রধানমন্ত্রীর কার্যালয়ে পাঠিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

জাতীয়করণের তালিকায় ১ নম্বরে আছে নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলার কিশোরীগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়ের নাম। এরপর রয়েছে যথাক্রমে কিশোরগঞ্জ জেলার কুলিয়ারচর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, করিমগঞ্জ পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, কটিয়াদী পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, তাড়াইল পাইলট মডেল উচ্চ বিদ্যালয় এবং পাকুন্দিয়া পাইলট মডেল উচ্চ বিদ্যালয়। তালিকার ৭ নম্বরে লক্ষ্মীপুর জেলার রায়পুর মার্চেন্টস একাডেমির নাম থাকলেও স্কুলটি জাতীয়করণের বিরুদ্ধে আদালতে মামলা রয়েছে। তাই এই স্কুলের জাতীয়করণ স্থগিত থাকতে পারে।

তালিকায় এরপর রয়েছে ব্রাহ্মণবাড়িয়ার নবীনগর পাইলট উচ্চ বিদ্যালয়, হাজী আব্দুল জলিল উচ্চ বিদ্যালয় (আশুগঞ্জ); গোপালগঞ্জের কোটালীপাড়া ইউনিয়ন ইনস্টিটিউট, সাবের মিয়া-জসিমুদ্দিন (এস. জে.) মডেল উচ্চ বিদ্যালয় (মুকসুদপুর); নেত্রকোনার বানিয়াজান সি.টি. পাইলট উচ্চ বিদ্যালয় (আটপাড়া), জাহাঙ্গীরপুর টি. আমিন পাইলট উচ্চ বিদ্যালয় (মদন), শালদীঘা গোপাল গোপীনাথ উচ্চ বিদ্যালয় (খালিয়াজুরী); ঝিনাইদহের শৈলকুপা পাইলট উচ্চ বিদ্যালয়; সুনামগঞ্জের পাগলা হাই স্কুল অ্যান্ড কলেজ (দক্ষিণ সুনামগঞ্জ), বিশ্বম্ভরপুর মডেল উচ্চ বিদ্যালয়; ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ বিশ্বেশ্বরী পাইলট উচ্চ বিদ্যালয়, ত্রিশাল নজরুল একাডেমি; ঢাকার অধরচন্দ্র উচ্চ বিদ্যালয় (সাভার), শাক্তা উচ্চ বিদ্যালয় (কেরানীগঞ্জ); মুন্সীগঞ্জের গজারিয়া পাইলট মডেল হাই স্কুল; শরীয়তপুরের ইদিলপুর পাইলট উচ্চ বিদ্যালয় (গোসাইরহাট), ভেদরগঞ্জ হেডকোয়ার্টার পাইলট উচ্চ বিদ্যালয়; মাদারীপুরের রাজৈর গোপালগঞ্জ কে. জে. এস. পাইলট মডেল ইনস্টিটিউশন; টাঙ্গাইলের সুতি ভি. এম. পাইলট মডেল উচ্চ বিদ্যালয় (গোপালপুর), ভুঞাপুর পাইলট উচ্চ বিদ্যালয়, ঘাটাইল গণপাইলট উচ্চ বিদ্যালয়, মধুপুর রাণী ভবানী মডেল উচ্চ বিদ্যালয়; সিলেটের রামসুন্দর অগ্রগামী মডেল উচ্চ বিদ্যালয় (বিশ্বনাথ), কোম্পানীগঞ্জ থানা সদর মডেল উচ্চ বিদ্যালয়, বালাগঞ্জ ডি. এন. উচ্চ বিদ্যালয়, কাসিম আলী উচ্চ বিদ্যালয় (ফেঞ্চুগঞ্জ); রাজবাড়ীর বালিয়াকান্দি পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়, পাংশা জর্জ পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, রতনদিয়া রজনীকান্ত মডেল উচ্চ বিদ্যালয় (কালুখালী), বগুড়ার কাহালু মডেল উচ্চ বিদ্যালয়; চুয়াডাঙ্গার দামুড়হুদা পাইলট হাই স্কুল, আলমডাঙ্গা বহুমুখী মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়; কুষ্টিয়ার খোকসা জানিপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয়; সাতক্ষীরার কলারোয়া জি. কে. এম. কে. পাইলট মাধ্যমিক বিদ্যালয়, দেবহাটা বি. বি. এম. পি. ইনস্টিটিউশন; খুলনার কাজদিয়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয় (রূপসা); বাগেরহাটের চিতলমারী এস. এম. মডেল উচ্চ বিদ্যালয়; বরগুনার পাথরঘাটা কে. এম. মডেল মাধ্যমিক বিদ্যালয়, বেতাগী পাইলট উচ্চ বিদ্যালয়, আমতলী এ কে মডেল পাইলট হাই স্কুল; নড়াইলের লোহাগড়া পাইলট উচ্চ বিদ্যালয়; মৌলভীবাজারের নবীনচন্দ্র মডেল উচ্চ বিদ্যালয় (কুলাউড়া); ভোলার লালমোহন মডেল মাধ্যমিক বিদ্যালয়; মেহেরপুরের গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়; বরিশালের বানারীপাড়া মডেল ইউনিয়ন ইনস্টিটিউট; পাবনার সুজানগর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, বনওয়ারীনগর সি. বি. পাইলট উচ্চ বিদ্যালয় (ফরিদপুর); রাজশাহীর নওহাটা উচ্চ বিদ্যালয় (পবা); নাটোরের বেগম রোকেয়া বালিকা উচ্চ বিদ্যালয় (বড়াইগ্রাম); বাগাতীপাড়া পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, গুরুদাসপুর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, নলডাঙ্গা উচ্চ বিদ্যালয়; নওগাঁর বদলগাছী পাইলট হাই স্কুল, আহসান উল্লাহ মেমোরিয়াল মডেল উচ্চ বিদ্যালয় (আত্রাই); পটুয়াখালীর সুবিদখালী রহমান ইসহাক পাইলট মাধ্যমিক বিদ্যালয় (মির্জাগঞ্জ); ঝালকাঠির কাঁঠালিয়া পাইলট উচ্চ বিদ্যালয়, রাজাপুর পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়; কুড়িগ্রামের থানাহাট এ. ইউ. পাইলট উচ্চ বিদ্যালয় (চিলমারী), ফুলবাড়ী জছি মিঞা মডেল উচ্চ বিদ্যালয়, রৌমারী সি. জি. জামান মাধ্যমিক বিদ্যালয়, রাজীবপুর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়; গাইবান্ধার কাজী আজাহার আলী মডেল উচ্চ বিদ্যালয় (সাঘাটা) এবং হবিগঞ্জের আজমিরীগঞ্জ এ. বি. সি. পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, নবীগঞ্জ জে. জে. মডেল উচ্চ বিদ্যালয় ও বামৈ উচ্চ বিদ্যালয় (লাখাই)।